গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

নম্বর: ২৬.০৪.০০০০.১১১.১৭.০৯৭.২১.১১০২ তারিখ: ৯ আগস্ট ২০২১

# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি
## বিভিন্ন অপরাধে ৯১টি প্রতিষ্ঠানকে ৩.৯৭ লক্ষ টাকা জরিমানা

**৮ আগস্ট ২০২১ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৩০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম মহানগর, নেত্রকোণা, ময়মনসিংহ, টাঙ্গাইল, নোয়াখালী, ভোলা, বরিশাল, বরগুনা, ঝালকাঠি, সিলেট, মৌলভীবাজার, খুলনা, বাগেরহাট, চুয়াডাঙ্গা, রংপুর, ঠাকুরগাঁও, গাইবান্ধা, দিনাজপুর, লালমনিরহাট, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, নাটোর ও সিরাজগঞ্জ-এ বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাব প্রনব কুমার প্রামানিক, ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব রোজিনা সুলতানা, জনাব মোঃ মাগফুর রহমান, জনাব মাহমুদা আক্তার এবং ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক ডেমরা, মতিঝিল এজিবি কলোনী বাজার এলাকায় তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে 'সানাই সুইটস' কে ১,০০০/- (এক হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রির অপরাধে 'খান মেডিসিন', 'নুর ফার্মেসী', 'এজিবি ড্রাগ হাউস', 'সুস্মিতা ড্রাগ হাউজ', 'মেডিসিন পয়েন্ট', 'এস এ ফার্মা' কে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপির অপরাধে 'রাসেল ফিলিং স্টেশন' কে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা করা হয়। অর্থাৎ গত ৮ আগস্ট ২০২১ তারিখে মোট **৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **২৫** বাজার তদারকি কার্যক্রমের মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্যকলাপ, ওজনে কারচুপি, সেবা প্রদানে অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **৮২টি** প্রতিষ্ঠানকে **৩,৪১,৫০০/- (তিন লক্ষ একচল্লিশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে **১টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২৫০/- (দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

গত ৮ আগস্ট ২০২১ তারিখে সর্বমোট **৩০টি** বাজার তদারকি কার্যক্রম পরিচালনা ও **১টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৯১টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৯৭,৫০০/- (তিন লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ করা হয়। আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, স্বাস্থ্য বিভাগ, কৃষি বিভাগ, মৎস্য বিভাগ, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) সহ সংশ্লিষ্ট শিল্প বণিক সমিতির প্রতিনিধিবৃন্দ অধিদপ্তর পরিচালিত বাজার অভিযানে সহযোগিতা প্রদান করেন। বাজার অভিযান/তদারকিকালে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভোক্তা এবং ব্যবসায়ীবৃন্দের মধ্যে লিফলেট, প্যাম্ফলেট বিতরণসহ হ্যান্ডমাইকে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পরামর্শ দেয়া হয়।

এছাড়াও জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন অনুযায়ী ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে ভোক্তা-অধিকার সংরক্ষণ নিশ্চিতকরণসহ স্থিতিশীল বাজার ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন।

স্বাক্ষরিত/-
(তাহমিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোন: ০২-৮১৮৯৪১১
ই-মেইল: ad-operation@dncrp.gov.bd

বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/এশিয়া টিভি/মাইটিভি/বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকন্ঠ/দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক সংগ্রাম/দৈনিক ভোরের কাগজ/ দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকন্ঠ/দৈনিক আমাদের অর্থনীতি/দৈনিক বণিক বার্তা/ দৈনিক আমার কাগজ/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): নোটিশ বোর্ডে প্রদর্শন/তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে প্রচারের অনুরোধসহ

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।